

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

এথেন্স, ১৬ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি: উৎসাহ-উদ্দীপনায় গ্রীসে মহান বিজয় দিবস উদ্‌যাপন

যথাযথ মর্যাদা এবং বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে গ্রীসে মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে। ১৬ ডিসেম্বর সকালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. জসীম উদ্দিন দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির সূচনা করেন। এ সময় এথেন্সে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, নতুন প্রজন্মের শিশু কিশোর দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

জাতীয় পতাকা উত্তোলনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও বাংলাদেশের শান্তি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

মহান বিজয় উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের ২য় পর্ব শুরু হয় বিকেল পাঁচটায়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়। এরপর দূতাবাস প্রাঙ্গণে মহান মুক্তিযুদ্ধের ওপর প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

এরপর দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় মহান বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্যের উপর বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা পর্বে অংশ নেন প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, নারী নেতৃবৃন্দ, নতুন প্রজন্মের শিশু কিশোর এবং বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীসের নেতৃবৃন্দ। বক্তারা মহান বিজয় দিবসে বাংলাদেশের উন্নয়ন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। বাংলাদেশের রাষ্ট্রদূত মো. জসীম উদ্দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা স্মরণ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসী বাংলাদেশিদের রূপকল্প ২০২১ ও ২০৪১-এর লক্ষ্য অর্জনের জন্য কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার আহ্বান জানান। তিন জাতির পিতার জন্ম শতবার্ষিকী উপলক্ষে দূতাবাসের গৃহিত কর্মসূচিতে অংশ নিতে প্রবাসীদের প্রতি আহ্বান জানান।

স্থানীয় শিল্পী, শিশু-কিশোর, দূতাবাস পরিবার, দোয়েল একাডেমি, বাংলা-গ্রীক শিক্ষা কেন্দ্র এবং দোয়েল সাংস্কৃতিক সংগঠন এ উপলক্ষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। মহান বিজয় দিবস উপলক্ষে এথেন্সে প্রবাসী বাংলাদেশিদের পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ দোয়েল একাডেমি এবং বাংলা-গ্রীক শিক্ষা কেন্দ্রে গ্রীস প্রবাসী শিশু কিশোররা “বিজয় ফুল” তৈরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ১০৮ জন শিশু কিশোর এই প্রতিযোগিতায় অংশ নেয়। অনুষ্ঠান শেষে “বিজয় ফুল” তৈরি প্রতিযোগিতায় বিজয়ী শিশু কিশোরদের হাতে পুরস্কার ও সার্টিফিকেট তুলে দেন বাংলাদেশের রাষ্ট্রদূত এবং রাষ্ট্রদূতের সহধর্মিনী মিসেস শায়লা পারভীন।

বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি মহান বিজয় দিবস উপলক্ষে দূতাবাস কর্তৃক আয়োজিত দিনব্যাপী এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

.....